

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৩৮৪

১৫/ বিধি-বিধান ও বিচার (كتاب الأحكام عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জায়গীর প্রদান।

باب مَا جَاءَ فِي الْقَطَائِعِ

আরবী

قَالَ قُلْتُ لِقُتَيْبَةَ بْنِ سَعِيدٍ حَدَّثَكُمْ مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنُ قَيْسٍ الْمَارِيُّ، حَدَّثَنِي أَبِي، عَنْ ثُمَامَةَ بْنِ شُرَاحِيلٍ، عَنْ سُمَيِّ بْنِ قَيْسٍ، عَنْ شُمَيْرٍ، عَنْ أَبِيضَ بْنِ حَمَّالٍ، أَنَّهُ وَقَدَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَقَطَعَهُ الْمِلْحَ فَقَطَعَ لَهُ فَلَمَّا أَنْ وَلَّى قَالَ رَجُلٌ مِنَ الْمَجْلِسِ أَتَدْرِي مَا قَطَعْتَ لَهُ إِنَّمَا قَطَعْتَ لَهُ الْمَاءَ الْعِدَّ . قَالَ فَاَنْتَزَعَهُ مِنْهُ . قَالَ وَسَأَلَهُ عَمَّا يُحْمَى مِنَ الْأَرَاكِ قَالَ " مَا لَمْ تَنْلُهُ خِفَافُ الْإِبِلِ " . فَأَقَرَّ بِهِ قُتَيْبَةُ وَقَالَ نَعَمْ . حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنُ قَيْسٍ الْمَارِيُّ، بِهَذَا الْإِسْنَادِ نَحْوَهُ . الْمَارِبُ نَاحِيَةٌ مِنَ الْيَمَنِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ وَائِلٍ وَأَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِيضَ بْنِ حَمَّالٍ حَدِيثٌ غَرِيبٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَغَيْرِهِمْ فِي الْقَطَائِعِ يَرَوْنَ جَائِزًا أَنْ يُقَطَعَ الْإِمَامُ لِمَنْ رَأَى ذَلِكَ .

বাংলা

১৩৮৪. ইমাম তিরমিজী (রহঃ) বলেন, আমি কুতায়বা (রহঃ) কে বললাম, মুহাম্মদ ইবনু ইয়াহইয়া ইবনু কায়স মারিবী (রহঃ) কি তার সনদে আবয়ায ইবনু হাম্মাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন যে তিনি প্রতিনিধি দলের সঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর খেদমতে গিয়েছিলেন। তখন তিনি তাঁর নিকট একটি লবণের খনি জায়গীর প্রার্থনা করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটি তাকে জায়গীর হিসাবে দিয়েছিলেন। আবয়ায (রাঃ) যখন উঠে যাচ্ছিলেন তখন এই মজলিসের জনৈক ব্যক্তি নবীজীকে বলল, আপনি জানেন একে কি দিয়েছেন? একে তো আপনি একটি অফুরন্ত পানির প্রবাহ দিয়েছেন। অনন্তর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটি আবয়ায থেকে ফিরিয়ে নিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে তিনি আরো জিজ্ঞাসা করলেন, "আরাক" ঘাসের ভূমি কোন সীমা থেকে আবাদ করা যায়? তিনি বললেন, উটের পা

যেখানে না পৌছে সেখান থেকে। - ইবনু মাজাহ ২৪৭৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৮০ [আল মাদানী প্রকাশনী]

কুতায়বা তখন এটির কথা স্বীকার করলেন। বললেন, হ্যাঁ। মুহাম্মদ ইবনু ইয়াহইয়া ইবনু আবু উমর (রহঃ) ... মুহাম্মদ ইবনু ইয়াহইয়া ইবনু কায়স মারিবী (রহঃ) থেকে অনুরূপ বর্ণনা করেছেন। এই বিষয়ে ওয়াইল ও আসমা বিনত আবু বকর রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে। আবয়ায ইবনু হাম্মাল রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-গারীব। সাহাবী ও অপরাপর আলিমগণ জায়গীর প্রদান বিষয়ে এতদনুসারোমল করেছেন। ইমাম বা ইসলামী রাষ্ট্র প্রধান যাকে উপযুক্ত মনে করেন তাকে ইচ্ছা করলে জায়গীর প্রদানের ক্ষমতা রাখেন বলে তারা মত প্রকাশ করেছেন।

English

Narrated Shumair:

that Abyad bin Hammal visited the Messenger of Allah (ﷺ) who asked him to set aside a reserve of salt(a mine). So he reserved it for him. As he was turning away, a man in the gathering said: "Do you know what you reserved for him ? You merely reserved stagnant water for him." He (Shumair) said: "So he left him." He (Shumair) said: "So he asked him (the Prophet (ﷺ)) about making a private pasture of Arak (a type of tree)." He said: "As long as it is not harmed by the hooves of the camels." So I (At-Tirmidhi) recited that before Qutaibah and he said: "Yes". (Another chain) with similar meaning.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21802>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন